

(দ্বৈত পাঠের জন্য)

রোদ ও বৃষ্টি

(প্রেমের সংলাপ -৬)

----- কিশোর মজুমদার

রুদ্র : হ্যালো ...

চয়নিকা : হুম .. বলো শুনছি

রুদ্র : কি ব্যাপার বলো তো ? আজ কোনো ফোন নেই টেক্সট করেছি রিপ্লাই দাও না . খুব আপসেট মনে হচ্ছে ?

চয়নিকা : দূর .. কিছু ভাল্লাগে না । পাগল হয়ে যাচ্ছি। বাড়িতে মা নেই এদিকে বাবা ছুটি পেয়ে অফিসের একগাদা লোককে নিমন্তন করে বসে আছে। ভাইকে ঘুম থেকে তুলে বাজারে পাঠালাম । তারমধ্যে ভুলুর মা ফোন করল , আজ আসতে পারবে না।

রুদ্র : ওহ ! তাহলে তো সেই চাপ আছে তোমার । রান্না কদুর ?

চয়নিকা : ঐতো রান্না কমপ্লিট করলাম । উনাদের সাত সাতজন কে খেতে দিলাম । ... জাস্ট খাওয়া কমপ্লিট হল । বাসন কোসন সব পরে আছে । যাগে । কি খবর বলো তো। আজ তোমার প্রোগ্রাম ছিল না ? যাও নি এখনো ?

রুদ্র : নাহ গেলাম না । ভালো লাগছে না । ওদের না করে দিলাম।

চয়নিকা : দাঁড়াও দাঁড়াও দাঁড়াও দাঁড়াও নামলো বৃষ্টি । ছাদে এক গাদা জামাকাপড় । ভিজলো সব একটু হোল্ড করো আসছি ।

--- উফ সিঁড়ি বাইতে বাইতে শেষ আর কি ।

বলো , ওহ কি যেন বললাম ? ও তুমি গেলে না কেন ? কলেজের প্রোগ্রাম । খুব বড় অনুষ্ঠান । তো ক্যাম্পেল করলে কেন ?

রুদ্র : ছাড়ো তো ওসব । ভাবছিলাম তুমি আমি একটু বেরু বেরু করো । সে তো আর হলো না ।

চয়নিকা : হল না কেন ? আমার তো সব কমপ্লিট । শুধু বাবাটাকে একটু ম্যানেজ করতে পারলেই ...

(জোরে বৃষ্টির শব্দ)

রুদ্র : এই তো এখানেও শুরু হয়ে গেল । কি আর করা । তুমিথাবে না ? যাও খেয়ে এস , কথা বলি।

চয়নিকা : তুমি খেয়েছ ? হ্যালো , বলি তুমি খেয়েছ ? হ্যালো হ্যালো

(বৃষ্টির শব্দ ...কয়েক সেকেন্ড পরে)

রুদ্র : হ্যালো বলো ?

চয়নিকা : কই গেলে তুমি ? এই যে না বলে চলে যাও না , ভাল্লাগে না।

রুদ্র : ব্যালকনিতে এলাম , বৃষ্টি দেখব । খুব মেঘ দেখা যাচ্ছে । যাও না খেয়ে এস । আর কোথাও যাবো না , ফোনেই কথা বলবো ।

চয়নিকা : আমি এখন থাকো না , ভাই একটা বইয়ের দোকানে গেল , ...ওহো -- ছাতা নিয়ে যায় নি । ও এলে থাকো একসাথে ...তুমি বল ...আজ কিছু লিখলে ? ওহো , তোমায় বলতেই ভুলে গেছি , কালকের পত্রিকায় বেরোনো তোমার লেখাটা আজ পড়লাম । খুব ভালো লিখেছ , তবে ...

রুদ্র : তবে ?

চয়নিকা : তবে , তুমি তোমার লেখার প্যাটার্নটা চেঞ্জ করো প্লিজ । ওই ছন্দবদ্ধ একই প্যাটার্ন লিখে চলছ

রুদ্র : কিরকম লিখবো তবে ?

(বৃষ্টির শব্দ)

চয়নিকা : বাইরে থেকে না , ঘরে চলে এস ঠান্ডা লাগবে তোমার

রুদ্র : কিছু হবে না গো ... শোনো না গো ..সেদিন ...

চয়নিকা : সেদিন ?

রুদ্র : সেদিন নীল শাড়িতে খুব ভালো লাগছিলে তুমি .. কানে ঐরকম দুল পড়েছ .. কখনো তো পরো না ..গাছের ধূসর ব্যাকগ্রাউন্ডে তোমার ওই পিকটা কিন্তু বাঁধাই করবো । . আমাদের লেখার ঘরে দেয়ালে রাখবো।

চয়নিকা : কেন , আমি একা কেন দেয়ালে ঝুলব ? তুমিও আমার সঙ্গে ঝুলবে । এক দড়িতে দুজন ।

রুদ্র : প্রেমের মধুরতা ভুলে মরণের কথা বলছ কেন ?

চয়নিকা : আরে কানুর প্রেমের তো রাধার মরণ হল আর কি ।

রুদ্র : তোমার বুঝি সেই দশা ?

চয়নিকা : তা নয়তো কি ? তোমার এক ফোনেই আমি উতলা হয়ে

উঠি । আমি সারাদিন ফোন না করলে তো তোমার ভালোই হয় । ডিস্টার্ব থাকে না কোনো ।

রুদ্র : আজ সারাদিন অপেক্ষায় ছিলাম কিন্তু ।

চয়নিকা : কৃষ্ণও তাহলে রাধার অপেক্ষা করে ?

রুদ্র : নয়তো কি ? গানে গল্পে কবি সাহিত্যিক শুধু রাধার বিরহ আর যন্ত্রনাই দেখিয়েছেন । কিন্তু একবারও কি ভেবে দেখেছেন কৃষ্ণের দশা ?

চয়নিকা : কৃষ্ণের তো ভালোই । রাধা ছাড়াও তো অনেক ফ্যান ফলোয়ার আছে ।

রুদ্র : তাতে কি ? রাধা তো একটাই , না ? যাক গে , বলো কাল কি দেখা হবে শ্রীমতি রাধার সনে ?

চয়নিকা : ওমা , দেখো দেখো কি সুন্দর রোদ উঠেছে । তুমি আধ ঘন্টার মধ্যেই চলে এসো । শোনো না , বাইক নিয়ে এসো আজ । আর মনে হয় বৃষ্টি আসবে না ।

রুদ্র : জি ম্যাম , আমি ২৫ মিনিটেই চলে আসছি । কোথায় আসবো বলো ?

চয়নিকা : আমাদের ওই তল্লি গাছ ।

রুদ্র : রাধা কদম তমাল ছেঁড়ে তল্লি তলায় দাঁড়াবেন ? – চলো , রেডি হই ।

চয়নিকা : কি মজা । ওই শোনো না ... তুমি আজ পাঞ্জাবি পড়বে বেলো ? ওই যে হলুদ পাঞ্জাবিটা , আর হ্যাঁ , কোলাপুরি জুতো .. ওটাও পরে আসবে হ্যাঁ ।

রুদ্র : জিম্বের সঙ্গে কোলাপুরি স্যান্ডেল ?

চয়নিকা : না না । পাজামা পাঞ্জাবি আর ওই জুতো ।

রুদ্র : তুমি তাহলে শাড়ি পড়বে বেলো ? বাইকে নীলাশ্বরী শাড়ির আঁচল এড়িয়ে উড়বে তোমার খোলা চুল । বেশ , লম্বা একটা ট্যুর দেবো আজ ।

চয়নিকা : ধূস , শাড়ি পড়ব । কিন্তু আজ শ্যাম্পু করা হয় নি । চুল ছাড়তে পারবো না ।

রুদ্র : তথাস্তু । রাখছি তাহলে । একটা..... দেবে না?

চয়নিকা : না , এখন না । রাখছি ওই যে ভাই এলো বুঝি । খেয়ে দেয়েই যাচ্ছি । রাখি ।

রুদ্র : ওকে ।

চয়নিকা : রাখলাম ।

রুদ্র : রাখো রাখো ।

চয়নিকা : তাহলে রাখি ? দেরি ক'রো না কিন্তু ।

রুদ্র : রাখো রাখো । পাগলী একটাউফ ।

For more >>> www.kishoremajumder.com



কিশোর মজুমদার
আমিও পারি

স্টক সীমিত ।
আজই অর্ডার করুন ।
কিশোর মজুমদারের কবিতার বই
আমিও পারি

পাওয়া যাবে--
পত্রভারতীর নিজস্ব ওয়েবসাইট-এ
amazon, Flipkart -এ

পত্রভারতী®

*** নীচে লিঙ্ক দেওয়া হল

[Patrabharati: website:https://bit.ly/3fFw3Uu](https://bit.ly/3fFw3Uu)

[Amazon : https://amzn.to/3sWoRad](https://amzn.to/3sWoRad)

[Flipkart: https://bit.ly/3wyKyil](https://bit.ly/3wyKyil)